

প্রেস বিজ্ঞপ্তি
১৫ নভেম্বর ২০২৪

বাউবির বিএ, বিএসএস(অনার্স) ও এলএলবি (অনার্স) পরীক্ষা শুরু

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত বি.এ, বি.এস.এস (সম্মান) ও এল এল বি (অনার্স) প্রোগ্রামের বিভিন্ন বিষয় ও সিমস্টারের পরীক্ষা যথারীতি আজ ১৫ নভেম্বর ২০২৪ তারিখ শুক্রবার সকাল ও বিকালে বাউবির ঢাকা আঞ্চলিক কেন্দ্রে অনুষ্ঠিত হয়।



পরীক্ষা কেন্দ্রে পরিদর্শন করছেন উপাচার্য প্রফেসর ড. এবিএম ওবায়দুল ইসলাম

উল্লেখ্য যে, মাত্র ৮/১০ জন উচ্ছৃঙ্খল শিক্ষার্থী পরীক্ষা বাতিলের উদ্দেশ্যে আজ আনুমানিক ভোর ৬ টায় বাউবির ঢাকা আঞ্চলিক কেন্দ্রের পরীক্ষা ভেনুতে এসে কর্তব্যরত নিরাপত্তা প্রহরীদের কাছ থেকে জোরপূর্বক প্রধান ফটকের তালা দিয়ে চাবি নিজেদের নিয়ন্ত্রণে নিয়ে নেয় এবং পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু শিক্ষার্থীদের হলে প্রবেশে বাঁধা প্রদান করায় করা হয়। আনুমানিক সকাল ৮ টায় বিপুলসংখ্যক শিক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিশ্ববিদ্যালয়ের আঞ্চলিক কেন্দ্রের প্রধান ফটকে অবস্থান নিয়ে পরীক্ষা নেয়ার দাবিতে শ্লোগান দিতে থাকে। উদ্ভূত পরিস্থিতি নিয়ন্ত্রণের জন্য বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এবিএম ওবায়দুল ইসলামসহ বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্যদ্বয়, কোষাধ্যক্ষ, পরীক্ষা সংশ্লিষ্ট সকল বিভাগের ডীন, শিক্ষকবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক এবং ঢাকা আঞ্চলিক কেন্দ্রের পরিচালক দ্রুত উপস্থিত হয়ে আঞ্চলিক কেন্দ্রের ফটকে অবস্থান নিয়ে পরীক্ষা গ্রহণের ব্যবস্থা করেন। পরীক্ষা দিতে পেরে অধিকাংশ শিক্ষার্থীই বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের প্রতি সন্তোষ প্রকাশ করেন।

উপাচার্য প্রফেসর ড. এ বি এম ওবায়দুল ইসলাম পরীক্ষা কেন্দ্র পরিদর্শনকালে বলেন, আজকের পরীক্ষার ন্যায় বাকি সকল পরীক্ষা যথাসময়ে অনুষ্ঠিত হবে। কোন বাঁধাকেই প্রশ্রয় দেয়া হবে না।” এছাড়াও আগামীতে অনুষ্ঠিতব্য সকল পরীক্ষা নকলমুক্ত ও শান্তিপূর্ণ পরিবেশে অনুষ্ঠানের জন্য সংশ্লিষ্ট সকলকে উপাচার্য নির্দেশনা প্রদান করেন।

এ পরীক্ষাসমূহ আগামী ০৪-০১-২০২৫ পর্যন্ত বাউবির নির্ধারিত রুটিন অনুযায়ী নিয়মিত অনুষ্ঠিত হবে।



পরিচালক

তথ্য ও গণসংযোগ বিভাগ, বাউবি

মোবাইল- ০১৭১১২০৭৬৯৮